



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-ভূমি সংস্কার কমিশনারের কার্যালয়
সিলেট বিভাগ, সিলেট
www.lrb.sylhetdiv.gov.bd



স্মারক নং- ৩১.০২.০০০০.০২৬.১৪.০০১.১৮.৮৮৯

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ
০৮ জুন ২০২১ খ্রিঃ

বিষয়: ২০২০-২০২১ অর্থ বছরে আউটসোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগপূর্বক ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যারের মাধ্যমে অনলাইনভিত্তিক ভূমি উন্নয়ন কর আদায়ের জন্য হোল্ডিং এন্ট্রি প্রসঙ্গ।

- সূত্র : (১) ভূমি সংস্কার বোর্ড, ঢাকা'র স্মারক নং ৩১.০২.০০০০.০১৬.৩১.০১৩.২০.১৮ তারিখ: ২৭-০১-২০২১ খ্রিঃ,
(২) ভূমি সংস্কার বোর্ড, ঢাকা'র স্মারক নং ৩১.০২.০০০০.০১৬.৩১.০১৩.২০.৩০ তারিখ: ০৯-০২-২০২১ খ্রিঃ,
(৩) উপ-ভূমি সংস্কার কমিশনারের কার্যালয়, সিলেট বিভাগের স্মারক নং ৩১.০২০০০০.০২৬.১০.০০১.১৮.৮২৭ তারিখ: ২৫-০২-২০২১ খ্রিঃ,
(৪) ভূমি সংস্কার বোর্ড, ঢাকা'র স্মারক নং ৩১.০২.০০০০.০১৬.৩১.০১৩.২০.৮২ তারিখ: ১২-০৫-২০২১ খ্রিঃ,
(৫) ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং ৩১.০০.০০০০.০৯২.০১.০০৯.২১.৮০ তারিখ: ১৯-০৫-২০২১ খ্রিঃ ও
(৬) উপ-ভূমি সংস্কার কমিশনারের কার্যালয়, সিলেট বিভাগের স্মারক নং ৩১.০২০০০০.০২৬.১০.০০১.১৮.৮৮২ তারিখ: ০১-০৬-২০২১ খ্রিঃ।


উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যারে হোল্ডিংভিত্তিক ডাটা এন্ট্রির কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত আউটসোর্সিং এর মাধ্যমে ডাটা এন্ট্রির ক্ষেত্রে ১-৪ নং স্মারকে বিভিন্ন তারিখে ভূমি সংস্কার বোর্ড কর্তৃক পত্র প্রেরণ এবং ৫ নং স্মারকে সিলেট বিভাগের ০৪টি জেলার সকল উপজেলা ভূমি অফিসের জন্য ৮,৬৫,৫৮০/- করে মোট ৩,৫৪,৮৮,৭৮০/- (তিন কোটি চুয়ান্ন লক্ষ অষ্টাশি হাজার সাতশত আশি) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। তৎপ্রেক্ষিতে ইউনিয়ন/পৌর ভূমি অফিসে আউটসোর্সিং এর মাধ্যমে যে সকল জনবল নিয়োগপূর্বক ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যারের মাধ্যমে অনলাইনভিত্তিক ভূমি উন্নয়ন কর আদায়ের জন্য হোল্ডিং এন্ট্রি করা হচ্ছে, নিম্নবর্ণিত ছক মোতাবেক তাঁদের সেল ফোন নম্বর, ই-মেইল (যদি থাকে) সংরক্ষণ করা প্রয়োজন।

‘ছক’

ক্রমিক নং	ইউনিয়ন/পৌর ভূমি অফিসের নাম	আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগপ্রাপ্ত ব্যক্তিবর্গের নাম, পিতার নাম, মোবাইল নম্বর ও ই-মেইল (যদি থাকে)	স্থায়ী ঠিকানা	খতিয়ানভিত্তিক হোল্ডিং এন্ট্রির সংখ্যা	নিয়োগ প্রদানের তারিখ
--------------	--------------------------------	--	----------------	---	--------------------------

এমতাবস্থায়, ইউনিয়ন/পৌর ভূমি অফিসে আউটসোর্সিং এর মাধ্যমে যে সকল জনবল নিয়োগপূর্বক ভূমি উন্নয়ন কর ব্যবস্থাপনা সফটওয়্যারের মাধ্যমে অনলাইনভিত্তিক ভূমি উন্নয়ন কর আদায়ের জন্য হোল্ডিং এন্ট্রি করা হচ্ছে, অফিসভিত্তিক তাঁদের নাম, পিতার নাম, মোবাইল নম্বর, ই-মেইল (যদি থাকে) আগামী ২০-০৬-২০২১ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর ই-মেইল dlrcsylhet@lrb.gov.bd -এ প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সহকারী কমিশনার (ভূমি)
উপজেলা/মহানগর ভূমি অফিস
.....
সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার।


(মুহাম্মদ আব্দুল হাই আল মাহমুদ)
পরিচিতি নং ৬৮৪৬
উপ-ভূমি সংস্কার কমিশনার (উপসচিব)
সিলেট বিভাগ, সিলেট।
ল্যান্ড ফোন: ০৮২১-৮৪০১১৩
ই-মেইল: dlrcsylhet@lrb.gov.bd

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):

- ০১। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, তেজগাঁও, ঢাকা।
- ০২। বিভাগীয় কমিশনার, সিলেট।
- ০৩। জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার।
- ০৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা, জেলা..... (সরেজমিনে হোল্ডিং এন্ট্রি কার্যক্রম মনিটরিং করার অনুরোধসহ)।
- ০৫। প্রশাসনিক কর্মকর্তা, উপ-ভূমি সংস্কার কমিশনারের কার্যালয়, সিলেট বিভাগ, সিলেট।
- ০৬। অফিস কপি।